এবার মিলন-হাওয়ায়-হাওয়ায় হেলতে হবে ।
ধরা দেবার খেলা এবার খেলতে হবে ॥
ওগো পথিক, পথের টানে    চলেছিলে মরণ-পানে,
আঙিনাতে আসন এবার মেলতে হবে ॥
মাধবিকার কুঁড়িগুলি আনো তুলে—মালতিকার মালা গাঁথো নবীন ফুলে ।
স্বপ্নস্রোতে ভিড়বি পারে,    বাঁধবি দুজন দুইজনারে,
সেই মায়াজাল হৃদয় ঘিরে ফেলতে হবে ॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Chhayanat
Visit www.geetabitan.com for notation and other detail